সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনে শুভ উদ্বোধন

সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনের জাকজমকপূর্ণ ভাবে শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১০ টায় দর্শনা রেল বাজার সংলগ্ন আকাশ শপিং কমপ্লেক্সের তৃতীয় তলার নতুন ভবনে এ ব্যাংকের শুভ উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক পিএলসি শাখার প্রিন্সিপাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার মোহা: নাজমুল হকের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সংক্ষিপ্ত আলোচনা করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর। এ সময় তিনি বলেন, সোনালী ব্যাংক একটি ঐতিহ্যবাহী জনবহুল ব্যাংক। বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংক যে কাজগুলো করে সোনালী ব্যাংক একই রকম কাজ করে। সারাদেশে ডিজিটাল পদ্ধতি চালু হয়েছে ব্যাংকগুলো তার অন্যতম। ব্যাংকগুলো আজ ডিজিটালাইজেশন হয়েছে তাই গ্রাহকরা অনেক সুবিধা পাচ্ছে। সোনালী ব্যাংক বাংলাদেশ উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছে। রুপপুর পারমানবিক বিদ্যুত কেন্দ্রে ৯৪ হাজার কোটি টাকা দিয়েছে এই ব্যাংকটি।

এছাড়া দর্শনা সোনালী ব্যাংক শাখায় ১২৩ কোটি টাকার আমানত রয়েছে। দিন যত যাচ্ছে তবে এর আমানতে পরিমাণ বাড়ছে। তাই রাষ্ট্রীয় ব্যাংক কলার মধ্যে সোনালী ব্যাংক একটি অন্যতম নির্ভরযোগ্য।

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, যশোর পি এল সি জেনারেল ম্যানেজারস অফিসের জেনারেল ম্যানেজার মোহাম্মদ ইকবাল কবির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামূড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, যশোর পি এল সি জেনারেল ম্যানেজারস অফিসের অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার হারুনুর রশিদ। এসময় উপস্থিত অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার চুয়াডাঙ্গা শাখা প্রধান বশির আহমেদ, প্রিন্সিপাল অফিসের এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার শহিদুল

ইসলাম, দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, বাংলাদেশ জাসদের কেন্দ্রীয় কমিটির সদস্য আনোয়ারুল ইসলাম, দর্শনা বাজার কমিটির সভাপতি টিপু সুলতান, ব্যবসায়ী আনোয়ারুল ইসলাম, অনুষ্ঠান পরিচালনা করেন ব্যাংকের এসপিও শামসুর রহমান।